

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ৪১

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا رَاوِكَ إِن يَّتَخِذُونَكَ إِلَّا هُزُوًا ۚ اَهٰذَا الَّذِي بَعَثَ اللَّهُ رَسُولًا ﴿٢٩﴾

আর তারা যখন তোমাকে দেখে, তখন তারা তোমাকে ঠাট্টা-বিদ্রূপের পাত্র হিসেবেই গ্রহণ করে, 'এ-ই কি সেই লোক, যাকে আল্লাহ রাসূল করে পাঠিয়েছেন'? — আল-বায়ান

তারা যখন তোমাকে দেখে, তারা তোমাকে ঠাট্টা-বিদ্রূপের পাত্র ছাড়া অন্য কিছু গণ্য করে না, আর বলে : এটা কি সেই লোক আল্লাহ যাকে রসূল করে পাঠিয়েছেন? — তাইসিরুল

তারা যখন তোমাকে দেখে তখন তারা তোমাকে শুধু ঠাট্টা-বিদ্রুপের পাত্র রূপে গণ্য করে এবং বলেঃ এ-ই কি সে, যাকে আল্লাহ রাসূল করে পাঠিয়েছেন! — মুজিবুর রহমান

And when they see you, [O Muhammad], they take you not except in ridicule, [saying], "Is this the one whom Allah has sent as a messenger? — Sahih International

8১. আর তারা যখন আপনাকে দেখে, তখন তারা আপনাকে শুধু ঠাট্টা-বিদ্ররূপের পাত্ররূপে গণ্য করে, বলে, এ-ই কি সে, যাকে আল্লাহ্ রাসূল করে পাঠিয়েছেন?

তাফসীরে জাকারিয়া

- (৪১) ওরা যখন তোমাকে দেখে, তখন ওরা তোমাকে কেবল উপহাসের পাত্ররূপে গণ্য করে এবং বলে, 'এই কি সেই; যাকে আল্লাহ রসূল করে পাঠিয়েছেন? [1]
 - [1] অন্যত্র এভাবে বলা হয়েছে ﴿أَهَذَا الَّذِي يَذْكُرُ ٱلْهِتَكُمْ} অর্থাৎ, এই কি সেই, যে তোমাদের উপাস্যগুলির সমালোচনা করে? (সূরা আম্বিয়া ৩৬ আয়াত) অর্থাৎ, তাদের সম্পর্কে বলে যে, তাদের কোন এখতিয়ার নেই। এই সত্য প্রকাশ করে দেওয়াটাই মুশরিকদের নিকট তাদের মা'বূদদের জন্য অপমানকর ছিল। যেমন বর্তমানের কবরপূজারীদেরকে যদি বলা হয় যে, কবরবাসী বুযুর্গের বিশ্ব-নিয়ন্ত্রণে কোন এখতিয়ার বা ক্ষমতা নেই, তাহলে





তারা বলে যে, এরা আল্লাহর ওলীদের প্রতি বেআদবী করছে!

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2896

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন